দৈনিক বাংলা

তারিখ ... 25 JUL 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৮ ...

210

# ক্যাম্পাসে আজ ছাত্রঐক্য ধর্মঘট ডেকেছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** আজ মঙ্গবার গণতান্ত্রিক ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের পোষ্যদের ভর্তি ক্ষেত্রে বিশেষ সুবিধা ও সকল অনিয়ম বন্ধের দাবীতে ছাত্রঐক্য এই ধর্মঘট পালন করবে।

বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট চলাকালে কোর্স ফাইনাল পরীক্ষাসমূহ কেবলমাত্র ধর্মঘটের আওতামুক্ত থাকবে বলে ছাত্রঐক্যের নেতৃবৃন্দ জানিয়েছেন।

এদিকে সোমবার আজকের ধর্মঘটের সমর্থনে গণতান্ত্রিক ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে এক সমবেশ করে।

সমাবেশে ছাত্রঐক্য নেতৃবৃন্দ বলেন, মেধার ভিত্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ভর্তি করা হয়। সেখানে শিক্ষক-কর্মচারীদের অযোগ্য সন্তানরা ভর্তি পরীক্ষায় ফেল করেও বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাবে এটা হতে পারে না। ছাত্রঐক্য নেতৃবৃন্দ বলেন, একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে বৈষম্যমূলক দুটি নিয়ম চলতে পারে না।

আবদুল্লাহিল কাইউমের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন আসলামউদ্দীন, মিজানুর রহমান চন্দন, নুরুল ইসলাম, মোঃ শহীদুল্লাহ, জাহাঙ্গীর আহমদ, মোহসিন সরকার প্রমুখ।